
# পিলখানা তদন্তে সম্ভাব্য গ্রেপ্তার হতে পারেন সোহেল তাজ-মুন্নি সাহা



সংগৃহীত ছবি

পিলখানা হত্যাযজ্ঞের পুনঃতদন্ত রিপোর্ট জমা পড়ার পর নতুন করে গ্রেপ্তারের সম্ভাবনার কথা তুলে ধরেছেন লেখক ও রাজনৈতিক বিশ্লেষক পিনাকী ভট্টাচার্য। তার মতে, তদন্তের অগ্রগতির ভিত্তিতে প্রথম দফায় সোহেল তাজ এবং মুন্নি সাহার নামও আসতে পারে।

সোমবার রাতে ফেসবুকে দেওয়া পোস্টে তিনি এই মন্তব্য করেন। পরে আরেকটি পোস্টে পিনাকী আরও যোগ করেন বিডিআর বিদ্রোহ সংশ্লিষ্ট ইস্যুতে জে. ই. মামুন এবং মঞ্জুরুল আহসান বুলবুলসহ আরও কয়েকজনকেও তদন্তের আওতায় আনা হতে পারে বলে তার ধারণা।

উল্লেখ্য, ২০০৯ সালের ২৫ ও ২৬ ফেব্রুয়ারি বিডিআর বিদ্রোহে পিলখানায় ৫৭ সেনা কর্মকর্তা সহ মোট ৭৪ জন প্রাণ হারান। দীর্ঘদিন পর অন্তর্বর্তী সরকার দায়িত্ব গ্রহণের পর পুনঃতদন্তের দাবি জোরালো হলে ২৪ ডিসেম্বর গঠন করা হয় জাতীয় স্বাধীন তদন্ত কমিশন।

এই কমিশনের সাক্ষ্যগ্রহণে অংশ নিয়েছেন নিহত কর্মকর্তাদের পরিবার, রাজনৈতিক ব্যক্তিত্ব, সামরিক-বেসামরিক কর্মকর্তা, পুলিশ সদস্য, সাবেক ও বর্তমান বিডিআর/বিজিবি সদস্য, কারাবন্দি সাক্ষী এবং তিনজন সাংবাদিক।

LENS ASIA